

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-২০

তারিখ: ২১ চৈত্র, ১৪২৭  
০৮ এপ্রিল, ২০২১

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ  
ও প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

ব্যাংক-কোম্পানীর পরিচালনা পর্ষদের গঠন ও দায়-দায়িত্ব সম্পর্কিত বিধি বিধান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ২৭ অক্টোবর ২০১৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের ১.১ নং ক্রমিকে বর্ণিত “নৃতন পরিচালক” বলতে ব্যাংক-কোম্পানীর পর্ষদ সভায় মনোনীত এবং বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত/পুনঃনির্বাচিত সকল পরিচালককে বুঝানো হয়েছে। এক্ষেত্রে প্রত্যেক পুনঃনিযুক্তি একটি নতুন নিযুক্তি হিসেবে বিবেচিত হয়। তবে, লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু ব্যাংক নিজ নিজ বিবেচনায় ভিন্নতর ব্যাখ্যা প্রদানের মাধ্যমে উক্ত নির্দেশনা পরিপালনে বিষ্ণু সৃষ্টি করছে যা সার্কুলারের মূল উদ্দেশ্য বাস্তবায়নে ব্যাহত হচ্ছে।

০৩। বর্ণিত অবস্থায়, ব্যাংকিং খাতের সুশাসন নিশ্চিতকরণে এ মর্মে জানানো যাচ্ছে যে, ব্যাংক-কোম্পানীর পর্ষদ সভায় মনোনীত এবং বার্ষিক সাধারণ সভায় নির্বাচিত/পুনঃনির্বাচিত পরিচালকদের নিয়োগ/পুনঃনিয়োগ বা নিযুক্তি/পুনঃনিযুক্তির ক্ষেত্রে নির্বিশেষে সকল ক্ষেত্রেই বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ বাধ্যতামূলক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নজরুল ইসলাম)  
মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৩০২৫২